

যুগান্তর

তারিখ : ২৫ এপ্রিল ২০০২
পৃষ্ঠা : ১৫ কলাম : ৪

পলাশী বুয়েট মার্কেটে ছাত্রদল ক্যাডারদের হামলা ভাংচুর

চাঁদা না দেয়ার জের : ২৫ দোকানে লুট

যুগান্তর রিপোর্ট

চাঁদা না দেয়ার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রদল ক্যাডাররা গতকাল পলাশীর বুয়েট মার্কেটে ব্যাপক হামলা, ভাংচুর ও লুটপাট করেছে। হামলাকারীদের চাপাতির আঘাতে আবুল হোসেন ও রুতম নামে দুই ব্যবসায়ী আহত হয়েছেন। অভিযুক্ত হয়েছে ২৪-২৫টি দোকান। জানা গেছে, জাহ্নুল হক হলের ছাত্রদল ক্যাডাররা এক সত্তাহ আগে এই মার্কেটের প্রতিটি দোকানদারকে মাসিক ৩-৪

হাজার টাকা চাঁদা না দিলে ব্যবসা করতে দেয়া হবে না বলে শাসিয়ে আসে। তাদের ভাষায়, 'মিড ভাইকে চাঁদা না দিয়ে দোকান চালানো যাবে না।' মিড জাহ্নুল হক হল
ভাংচুর : পৃষ্ঠা : ১৫ কলাম : ৪

ভাংচুর : পলাশী মার্কেটে (শেষ পৃষ্ঠার পর)

শাখা ছাত্রদলের সাধারণ সম্পাদক ও লাফি এমপের কর্মী। গতকাল বিকালে মিড ক্যাডার কানন, দানেশ, মাহমুদ ও টিকুর নেতৃত্বে ২০-২২ জন সশস্ত্র কর্মী মার্কেটে গিয়ে চাঁদা দাবি করার পর দোকানদাররা চাঁদা দিতে অস্বীকৃতি জানায়। এতে ভীত হয়ে তারা দোকানগুলোতে হামলা চালায়। তারা রাজধানী কনফেশনারি, ভাই ভাই কনফেশনারি, সিটি কনফেশনারি, তাসনিমা জেনারেল স্টোর, ফটোস্ট্যাট, ফোন-ফ্যাক্স, ফল ও চাষের দোকানসহ ২৪-২৫টি দোকান ভাংচুর করে। তারা দোকানের ক্যাশ লুট করে। এ সময় ২-৩ রাস্তাও গুলি ছোড়া হয়। অধিকাংশব্যাপী হামলাকালে মার্কেট ও পার্শ্ববর্তী এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে। দোকানদার, জেতা ও পথচারীরা দিবিদিক ছোটোছুটি করতে বাকে। হামলাকারীরা বীরদর্পে জাহ্নুল হক হলে চলে যায়।

হামলার ঘটনার পর সশস্ত্র সদস্য নাসিরউদ্দিন আহমেদ পিন্টু ঘটনাস্থলে উপস্থিত হন। তিনি এই হামলার জন্য বিশ্ববিদ্যালয়ের সন্ত্রাসীদের দায়ী করে অবিলম্বে তাদের গ্রেফতার ও বিচারের দাবি জানান।